

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ১৬, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ : ০২ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ/১৬ মার্চ, ২০২০ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং- ৭৯-আইন/২০২০।—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ১ এর উপধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ইউনিয়ন পরিষদ এলাকায় অবস্থিত বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) এর অধীন ইপিজেডের শিল্প প্রতিষ্ঠানসমূহকে উক্ত আইনের ধারা ১০৩ এর অধীন ট্রেড লাইসেন্স প্রদান সংক্রান্ত বিধানের প্রয়োগ হইতে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল, যথা :—

শর্তাবলি

- ইউনিয়ন পরিষদ এলাকায় অবস্থিত বেপজা এর অধীন ইপিজেডের শিল্প প্রতিষ্ঠানসমূহ বেপজা কর্তৃপক্ষকে ট্রেড লাইসেন্সের জন্য প্রযোজ্য ফিস প্রদানপূর্বক উক্ত কর্তৃপক্ষের নিকট হইতে ট্রেড লাইসেন্স গ্রহণ করিবে; এবং
- বেপজা কর্তৃপক্ষ শর্ত (ক) এর অধীন আদায়কৃত ফিস সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের অনুকূলে জমা প্রদান করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৩৫৩৯)

মূল্য : টাকা ৪.০০